This question paper consists of 30 questions and 8 printed pages.
এই প্রশ্নপত্রটিতে 30 টি প্রশ্ন এবং 8 টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

Roll No. | | | | | | | | | | | |
রোল নং

Code No. 62/S/N/B
কোড নং

Set / সেট - A

# BANGALI
# (বাংলা)
# (203)

Day and Date of Examination ______________________
পরীক্ষার দিন ও তারিখ

Signature of Invigilators 1. ______________________
তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর

2. ______________________

**সাধারণ নির্দেশাবলী ঃ**

1 পরিক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তাঁদের রোল নং লিখিবেন ।

2 প্রশ্নপুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সংগে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন । প্রশ্নাবলী পরপর আছে কিনা তাও মিলিয়ে নিন ।

3 বিষয়মূলক (Objective type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য (A), (B), (C) এবং (D) - এর যে কোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর-পুস্তিকায় সেটি নির্দেশিত করুন ।

4 সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়ের মধ্যেই দিতে হবে ।

5 নির্দিষ্ট স্থান ছাড়া অন্যস্থানে পরিচয়জ্ঞাপক চিহ্ন দিলে অথবা রোল নম্বর লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন ।

6 উত্তর-পুস্তিকায় প্রশ্নপুস্তিকার কোড নং. **62/S/N/B-A** লিখুন ।

# BANGALI

# (বাংলা)

# (203)

সময় ঃ **3** ঘন্টা] [পুর্ণমান ঃ **100**

---

নির্দেশ ঃ

**1.** সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক, প্রতিটি প্রশ্নের সংগে নম্বর দেওয়া আছে ।

**2.** প্রশ্নসংখ্যা **1 - 20** বহুমুখী প্রশ্ন, প্রতিটি প্রশ্নের সংগে **4** টি সম্ভাব্য উত্তর দেওয়া আছে, ঠিক উত্তরটি বেছে লিখতে হবে । প্রতিটি প্রশ্নের মান **1 (one)** ।

---

**1** লালু দর্শটাকা দিয়ে শুরু করেছিল - **1**

(A) ঠেক নেওয়ার ব্যবসা (B) ঠিক দেওয়ার ব্যবসা

(C) ঠিকেদারির ব্যবসা (D) ঠকানোর ব্যবসা

**2** "করে হাঁটি-হাটি ............ ।" - শূন্যস্থান পূরণ করুন । **1**

(A) টা-টা (B) মা-মা

(C) পা-পা (D) বা-বা

**3** "দুলিতেছে তরী" - দুলছে কে ? **1**

(A) জল (B) বাতাস

(C) পাল (D) মেঘ

**4** "ওই জিজ্ঞাসে কোন্ জন ?" - কি জিজ্ঞেস করেছিল ? **1**

(A) 'হিন্দু না ওরা মুসলিম' (B) 'মুসলিম না ওরা হিন্দু'

(C) 'ওরা হিন্দু না মুসলিম' (D) 'ওরা মুসলমান না হিন্দু'

5 লালবর্ণের পদম হল - 1

(A) কোকনদ (B) নীলোৎপল

(C) পুন্ডরীক (D) গুন্ডরীক

6 2/3 বার এই দেশে নানা ভাবের বিচক্ষণ পরামর্শ দিতে এসেছিলেন - 1

(A) পিয়ের (B) মারী

(C) আইরিন (D) জোলিও

7 নিদারুন দুর্ঘটনায় তিরোভাব ঘটেছে - 1

(A) পিয়ের (B) মারী

(C) আইরিন (D) জোলিও

8 "মাথার উপর হেলিয়া গেছে" - কে হেলে গেছে ? 1

(A) চন্দ্র (B) তারা

(C) নক্ষত্র (D) সূর্য

9 পাতাটির নিচে ব'সে আছে - 1

(A) কোকিল (B) দোয়েল

(C) ফিঙ্গে (D) শঙ্খচিল

10 "বলি .............. জল খেয়েছ কোনোদিন ?" - শূন্যস্থান পূরণ করুন - 1

(A) ঘুমাড়ির জল (B) ঘুম্‌ড়ির জল

(C) ঘুমসির জল (D) ঘুনাড়ির জল

11 চোটি মুন্ডার দেবতার নাম কী ? 1

(A) মন্দির (B) মসজিদ

(C) গীর্জা (D) হেরম

12 "ষষ্ঠীর দিনে যদি মঙ্গলবার পড়ে" - তাহলে কী করার কথা বলা হয়েছে ? 1

(A) স্নান করে লোহা গলাতে পারি (B) স্নান করে পিতল গলাতে পারি

(C) স্নান করে হাপর ছুঁতে পারি (D) স্নান করে লোহা গলাতে পারি

13 "গ্রামে রহিম শেখ ও ............. বাস করে ।" - শূন্যস্থান পূরণ কর । 1

(A) শ্রীহরি মন্ডল (B) শ্রীহরি মাল্লা

(C) শ্রীহরি মাহাত (D) শ্রীহরি মণ্ডি

14 পণ্য বিনিময়ের পর আসে - 1

(A) আকার বিনিময় (B) ভাব বিনিময়

(C) শব্দ বিনিময় (D) কথা বিনিময়

15 'মানুষ বড়ো কাঁদছে' বইটি প্রকাশিত হয় - 1

(A) 1975 সাল (B) 1976 সাল

(C) 1977 সাল (D) 1978 সাল

16 "তার মুখে খবর পেলুমঃ" - কার মুখে খবর পাওয়ার কথা বলেছে - 1

(A) শিশু (B) কিশোর

(C) কিশোরী (D) বৃদ্ধ

17 "চোখ তার ............" - শূন্যস্থান পূরণ করুন । 1

(A) চঞ্চল (B) চঞ্চলা

(C) চঞ্চলি (D) চম্বল

18 'ভোরে' উঠে পালিয়ে গিয়েছিল - 1

(A) লালুর বাবা (B) চাটুজ্জে

(C) বাড়ুজ্জে (D) লালু

19 "জীবনের জয়গান" - কোথায় গেয়েছিল - 1

(A) যুদ্ধ ক্ষেত্রে (B) অনুশীল সমিতিতে

(C) ফাঁসির মঞ্চে (D) ইঁরেজদের কাছে

20 "মিনতি করি পদে ।" - কে মিনতি করতে চাইছে - 1

(A) মধুসূদন দত্ত (B) মধুসূদন ভট্টাচার্য

(C) মধুসূদন দত্তাত্রেয় (D) মধুসূদন চাকী

21 **21** (ক) **- 21** (চ) প্রশ্নগুলির উত্তর **10-12** টি শব্দে লিখুন ।

(ক) "বালি চিক্-চিক্" - এখানে কবি কী দেখতে পাচ্ছেন ? 1

(খ) "কান্ডারী হুঁশিয়ার" - এখানে কাদের কথা বলা হয়েছে ? 1

(গ) "কিন্তু কোন্ গুণ আছে ?" - কী কারণে কবি এই গুণ - এর কথা বলেছে ? 1

(ঘ) পিয়ের শোপ্যাঁর সারাজীবনের শখ কী ? 1

(ঙ) 'জৈন' ধর্মের শিক্ষায় - সংস্কৃতি কী রূপ ছিল ? 1

(চ) 'ইউরোপে'র গাছ তলায় কী বিক্রি হয় বলে লেখক বলছেন ? 1

22 **22** (ক) **- 22** (চ) প্রশ্নগুলির উত্তর অনধিক **30** টি শব্দে লিখুন ।

(ক) কবি কার মুখে, কী খবর পেলেন ? 2

(খ) "বিকীর্ণ করেছে তার তেজ" - 'তার' তেজ কীভাবে বিকীর্ণ হয়েছিল ? 2

(গ) "চারিদিকে চেয়ে দেখি পল্লবের স্তূপ......" - এই প্রসঙ্গে কবি কোন্ কোন্ গাছের নাম উল্লেখ করেছেন ? 2

(ঘ) "সত্যকে দেখা যায় না ।" - 'সত্য' কে লেখক কীভাবে দেখতে বলেছেন ? 2

(ঙ) "তাকে আর বিমিশ্র করবার উপায় নেই ।" - কাকে এবং কেন 'বিমিশ্র' করা যাবেনা বলে লেখক মনে করছেন ? 2

(চ) লেখকের মতে 'মূর্তিমান বিঘ্ন' বলতে কাকে চিহ্নিত করেছেন ? 2

23 23 (ক) - 23 (খ) প্রশ্নদুটি অনধিক 40-42 টি শব্দে লিখুন ।

(ক) আর্যরা আসার আগে এদেশে যাদের অধিকার ছিল, তাদের সভ্যতার উৎকর্ষের পরিচয় দিন । 3

(খ) "তোমার মতো মনে পড়ছে" - এই পংক্তির অন্তর্নিহিত অর্থ কী ? 3

24 'লালু' গল্পে লালু চরিত্রটি কতোটা পরোপকারি বলে আপনার মনে হয়েছে - বিশ্লেষণ করুন । 8

(অনধিক 100 টি শব্দে উত্তর দিন ।)

**অথবা**

"- নইলে, এখনই তো ......." - এখন কী হতো ?

এই উক্তির মধ্য দিয়ে তৎকালীন যে সমাজচিত্র ফুটে উঠে তা নিজের ভাষায় লিখুন।

25 "ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল" - 'ছিন্ন খঞ্জনার মতো' কেন বলা হয়েছে ? 8
এই নাচের মধ্য দিয়ে কবি কিসের পরিচয় দিয়েছেন ?

(অনধিক 100 টি শব্দে উত্তর দিন ।)

**অথবা**

"কোথায় ভাসায়ে দেবে সাম্রাজ্যের দেশ-বেড়া জাল ।" - কবি কীভাবে এই বিশ্বাসে উপনীত হলেন আলোচনা করুন । সভ্যতার ইতিহাসে 'সাম্রাজ্য-লোভী' দের ভূমিকা কী ? শেষ পর্যন্ত ইতিহাস রচনা করে কারা এবং কীভাবে ?

26 "তোমাদের হাওয়া তোমাদের আলো লেশমাত্র আমাকে স্পর্শ করতে দেবে না ।" 6
- উক্তিটির মধ্য দিয়ে বক্তার চরিত্রের কীরূপ পরিচয় পাওয়া যায় আলোচনা করুন ।

27 (ক) নিম্নলিখিত যে-কোনো 4 টি প্রত্যয় গঠন করুন : 4

(i) পঠন (ii) ধৃত

(iii) লড়াই (iv) জাতীয়

(v) দোকানদার

(খ) নিম্নলিখিত যে-কোনো 4 টি সন্ধি বিচ্ছেদ করুন : 4

(i) অনূদিত (ii) বন্দোপাধ্যায়

(iii) ব্যক্তি (iv) অবনীন্দ্র

(v) ব্যবসায়

(গ) নিম্নলিখিত যে-কোনো 4 টি ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন : 4

(i) চন্দ্রসূর্য (ii) জন্মান্ধ

(iii) গিন্নিমা (iv) ত্রিপদী

(v) বীনাপানি

(ঘ) নিম্নলিখিত যে-কোনো 4 টি পদান্তর করুন : 4

(i) অনু (ii) পুর

(iii) সন্ধ্যা (iv) অধুনা

(v) উৎকর্ষ

28 অনধিক 75 টি শব্দে ভাব সম্প্রসারন করুন : 5

বন্যেরা বনে সুন্দর - শিশুরা মাতৃক্রোড়ে ।

**অথবা**

ধর্মের বেশে মোহ যারে এসে ধরে,

অন্ধ সে-জন মারে আর শুধু মরে ।

29 কোনো একটি অনুষ্ঠানের জন্য আবেদনপত্র লিখুন । 5

**অথবা**

টিকিট পরীক্ষকের দুর্ব্যবহার বিষয়ে অভিযোগ জানিয়ে রেল কর্তৃপক্ষের কাছে একটি চিঠি লিখুন ।

30 যে-কোনো একটি বিষয়কে অবলম্বন করে অনধিক ১২০ টি শব্দে প্রবন্ধ রচনা করুন : 8

(ক) বাংলার বর্ষা : (রচনা সংকেত : ভূমিকা - বর্ষার আবির্ভাব বর্ষার রূপ - বাঙালি জীবনে বর্ষা - ভয়ংকরী বর্ষা - কাব্যে-গানে বর্ষা - উপসংহার ।)

(খ) দেশপ্রেম বনাম বিশ্বপ্রেম : (রচনা সংকেত : ভূমিকা - দেশপ্রেমের তাৎপর্য - দেশপ্রেমের বিনাশকারী রূপ - দেশপ্রেম থেকে বিশ্বপ্রেমে উত্তরন - আমাদের লক্ষ্য বিশ্বপ্রেম - উপসংহার ।)

(গ) ইন্টারনেট : (রচনা সংকেত : ভূমিকা - আবিষ্কার - ব্যবহারিক দিক - সুবিধা - অসুবিধা - উপসংহার ।)

(ঘ) এপিজে আবদুল কালাম - এক বর্নময় জীবন : (রচনা সংকেত : ভূমিকা - জন্ম ও বাল্যজীবন - শিক্ষাজীবন - কর্মজীবন - চারিত্রিক বৈশিষ্ট্য - শিক্ষাবিদ কালাম - পুরস্কারলাভ ও রচিত গ্রন্থ - উপসংহার ।)